97

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 01 SEP 199[illegible]
পৃঃ ৪ কলাম ১

একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু

# এক লাখ শিক্ষার্থী ভাল কলেজে পড়ার সুযোগ পাবে না

শরিফুজ্জামান পিন্টু

দেশের ২শ' ৩২টি সরকারী কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। বেসরকারী কলেজসমূহেও ভর্তি প্রক্রিয়া প্রায় শেষের পথে। বন্যাকবলিত সরকারী ও বেসরকারী কলেজগুলোতে পানি না কমা পর্যন্ত ভর্তি প্রক্রিয়া শুরু করা সম্ভব হবে না।

ঐতিহ্যবাহী ঢাকা কলেজে এ বছর থেকে একাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে না বলে গুজব ছড়ালেও ঢাকা কলেজের অধ্যক্ষা প্রফেসর জাহানারা বেগম জানান, ২ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত ঢাকা কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির ফরম দেয়া হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬, ১৭ ও ১৮ সেপ্টেম্বর। অধ্যক্ষা জানান, তিন গ্রুপে ঢাকা কলেজে সাড়ে চার শ' ছাত্রকে ভর্তি করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সরকারী কলেজগুলো লিখিত পরীক্ষা ও এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র ভর্তি করবে। লিখিত পরীক্ষা হবে এক শ' নম্বরের। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও এসএসসিতে প্রাপ্ত নম্বরের শতকরা ১০ ভাগ নিয়ে মেধা স্কোর তৈরি করা হবে। বন্যাকবলিত এলাকা ছাড়া সেপ্টেম্বরের মধ্যে ভর্তি প্রক্রিয়া শেষ করতে বলা হয়েছে।

এদিকে বেসরকারী কলেজগুলো পছন্দমতো পদ্ধতিতে ছাত্র ভর্তি করছে। কোন কোন নামীদামী কলেজ অবশ্য সরকারী নীতিমালা অনুসরণ করে লিখিত পরীক্ষা ও এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র ভর্তি করবে। নটরডেম কলেজে এ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। অন্যদিকে কোন কোন বেসরকারী কলেজ পূর্বের নিয়মে কেবল এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই ছাত্র ভর্তি করবে। কোন কোন বেসরকারী কলেজ মৌখিক পরীক্ষার মাধ্যমে ছাত্র ভর্তি করবে। আর কিছু কলেজ আছে যেখানে এসএসসি পাস করলেই ভর্তি হওয়া যাবে।

সারা দেশে মানসম্মত সরকারী ও বেসরকারী কলেজের সংখ্যা প্রায় এক শ'। এসব কলেজ বাদ দিলে বাকি যে এক হাজার কলেজ থাকে সেগুলো ছাত্রভর্তির প্রতিযোগিতায় নামে। অর্থাৎ কে কত ছাত্র ভর্তি করতে পারে সেটিই হয়ে ওঠে প্রতিযোগিতার বিষয়।

এবছর সারা দেশে প্রায় সাড়ে তিন লাখ ছাত্রছাত্রী এসএসসি পাস করেছে। এদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে প্রায় দেড় লাখ ছাত্রছাত্রী। দেশের মানসম্মত এক শ' কলেজের প্রতিটিতে গড়ে পাঁচ শ' ছাত্রছাত্রী ভর্তি করা হলে মোট ৫০ হাজার শিক্ষার্থী ভর্তি সম্ভব। প্রায় একলাখ শিক্ষার্থীই মানসম্মত কলেজে পড়ার সুযোগ পাবে না।